

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৯

আগস্ট ২৭, ২০১৫  
তারিখ : -----  
ভাদ্র ১২, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

পেঁয়াজ আমদানি অর্থায়নে সুদ হার প্রসঙ্গে।

সাম্প্রতিককালে আন্তর্জাতিক বাজারে পেঁয়াজের মূল্য বৃদ্ধির কারণে স্থানীয় বাজারেও পেঁয়াজের মূল্যে উর্ধ্বগতি লক্ষ্য করা যাচ্ছে। ফলে বাজারে ভোক্তা পর্যায়ে পেঁয়াজের সরবরাহে ঘাটতি দেখা দিয়েছে। এ প্রেক্ষাপটে নিত্য প্রয়োজনীয় পণ্য হিসেবে স্থানীয় বাজারে পেঁয়াজের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত ও পেঁয়াজের মূল্যের উর্ধ্বগতি রোধকল্পে পেঁয়াজ আমদানি অর্থায়নের সুদ হার সর্বোচ্চ ১১% নির্ধারণ করা হলো। এছাড়া পেঁয়াজ আমদানির ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে মার্জিনের হার ন্যূনতম পর্যায়ে রাখার জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

এ নির্দেশনা ডিসেম্বর ৩০, ২০১৫ পর্যন্ত বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,



(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২